

একটি কবিতার গল্প

আনিসুর রহমান



জোয়ি (Joey) ৬ষ্ঠ শ্রেণীর ছাত্রী। গত মাদারস ডে'র আগে হঠাত নর্থ রক্স রোটারী ক্লাব থেকে ওর বাবা-মা একটা ফোন পেলেন। মাদারস ডে উপলক্ষে একটা অনুষ্ঠানে ডিনারের নিম্নলিখিত জানালো তারা। বেশ অবাক হয়েছিলেন মা আয়েশা সিদ্দিকা এবং বাবা আহমেদ রাজা। কিন্তু আসল চমক তখনো অপেক্ষা করছে। স্থানীয় একটি গলফ ক্লাবে অনুষ্ঠান। কর্মসূচীর এক পর্যায়ে শুরু হলো স্থানীয় বিভিন্ন স্কুলের ছেলে-মেয়েদের মাকে নিয়ে লেখা স্বরচিত কবিতা প্রতিযোগিতা। প্রতিযোগিদের মধ্যে জোয়িকে দেখে বাবা-মার দ্বিতীয়বার অবাক হবার পালা। ওর কবিতার নাম “My Mum My Friend”. স্কুলে বসেই কবিতাটা লিখে জমা দিয়েছিলো জোয়ি। বাবা-মাকে আর জানানো হয়নি। কবিতাটি কয়েকদিন আগে এই ওয়েব সাইটে প্রকাশিত হয়েছে। নিজের পেটের সন্তান, বিশ্ব মাতৃ দিবসের অনুষ্ঠানে এতগুলো মানুষের সামনে এমন সুন্দর একটা কবিতা লিখে যদি মাকে উপহার দেয় এবং অর্জন করে বিজয়ীর সম্মান তাহলে সে মায়ের চোখ কতখানি ভিজে উঠতে পারে তা অনুমান করা শক্ত নয়। জোয়ি, তোমার কবিতাটি সত্য খুব সুন্দর হয়েছে। বাংলা সিডনী ডট কমের সকল পাঠক পাঠিকাদের পক্ষ থেকে আমি তোমাকে জানাই আন্তরিক অভিনন্দন। তোমার সাফল্যে আমরা সবাই গর্বিত।

অত্যন্ত মেধাবী ছাত্রী জোয়ি আগামী বছর বলকাম হিলস সিলেকটিভ স্কুলে ভর্তী হবার জন্য মনোনিত হয়েছে। লেখাপড়ার পাশাপাশি কবিতা লেখা, ছবি আঁকা এবং নাচের প্রতি ওর ঝোক আছে। সম্প্রতি সিডনী এন্টারটেইনমেন্ট সেন্টারে আয়োজিত “ওয়াকাকিরি” নৃত্য উৎসবে অংশগ্রহণ করেছে জোয়ি।

জোয়ির বাবা-মা, আহমেদ রাজা এবং আয়েশা সিদ্দিকা দু'জনই পেশায় প্রকৌশলী। এতদিন থাকতেন নর্থ রক্সে। সম্প্রতি চলে এসেছেন ওয়েষ্ট পেনান্ট হিলসের নিজ বাড়িতে।



The Rotary Club of North Rocks

Awards

Joee Ahmed

North Rocks Public School

“My Mum My Friend”

Competition Winner 2008

Date: 5th May, 2008



David Bruce, President 2008